

অতীত জরুরী

একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
কলেজ অব নার্সিং (একাডেমিক ভবন)
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.dgnm.gov.bd

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০১.৯৯.০০১.১৯- ৩১

তারিখ: ০৪/১১/১৪২৬
১৭/০২/২০২০


বিষয়ঃ ১০০০০ সিনিয়র স্টাফ নার্স এবং ৫০০০ মিডওয়াইফ এর নতুন পদসৃজন ও নিয়োগ প্রসঙ্গে।
সূত্রঃ ৪৫.০০.০০০০.১৭২.১১.০২০.১৯-৪৬; তারিখঃ ০৩ ফেব্রুয়ারি ২০২০।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রোক্ত স্মারকের আলোকে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন মেডিকেল কলেজ হাসপাতাল/ বিশেষায়িত হাসপাতাল/ জেনারেল হাসপাতাল/ জেলা সদর হাসপাতাল/ আধুনিক সদর হাসপাতাল/ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স/ মা ও শিশু স্বাস্থ্য হাসপাতাল/ বক্ষ্য ব্যাধি হাসপাতাল/ ইউনিয়ন (সাবসেন্টার)/ কমিউনিটি ক্লিনিক হাসপাতাল সমূহের জন্য ১০,০০০ সিনিয়র স্টাফ নার্স ও ৫,০০০ মিডওয়াইফ পদে জনবল নিয়োগের জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে। ইতোমধ্যে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা এ বিষয়ে নীতিগত সম্মতি প্রদান করেছেন এবং দ্রুততম সময়ে মুজিববর্ষে অগ্রাধিকার প্রদান করে এ কার্যক্রম সম্পন্ন করার উদ্যোগ গৃহিত হয়েছে।

২। উক্ত সিদ্ধান্তের আলোকে বিভিন্ন হাসপাতালে/ স্বাস্থ্য প্রতিষ্ঠানে পদ সৃজনের লক্ষ্যে বিদ্যমান সিনিয়র স্টাফ নার্স ও মিডওয়াইফদের মঞ্জুরকৃত পদ, কর্মরত পদ ও শূন্য পদের তালিকাসহ এবং আপনার প্রতিষ্ঠানে আগামী ০৫ (পাঁচ) বছরের মধ্যে কতগুলো সিনিয়র স্টাফ নার্স ও মিডওয়াইফদের প্রয়োজন হবে তা “ছক” অনুযায়ী আগামী ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে হার্ডকপি ডাক মারফত ও সফটকপি (info@dgnm.gov.bd) নিম্নস্বাক্ষরকারীর বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। উল্লেখ্য বিষয়টি সর্বাধিক গুরুত্ব দিয়ে মেডিকেল কলেজ হাসপাতাল/ বিশেষায়িত হাসপাতাল/ জেনারেল হাসপাতাল/ জেলা সদর হাসপাতাল/ আধুনিক সদর হাসপাতাল/ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স/ মা ও শিশু স্বাস্থ্য হাসপাতাল/ বক্ষ্য ব্যাধি হাসপাতাল/ ইউনিয়ন (সাবসেন্টার)/ কমিউনিটি ক্লিনিক হাসপাতাল সমূহে পদ সৃজনের অনুরোধ করা হলো।

পদের নাম	বিদ্যমান মঞ্জুরীকৃত পদ	কর্মরত পদ	শূন্য পদ	আগামী ০৫ (পাঁচ) বছরের জন্য সম্ভাব্য প্রয়োজনীয় পদের সংখ্যা	পদ বৃদ্ধির যুক্তিকতা
সিনিয়র স্টাফ নার্স					
মিডওয়াইফ					



মেহম্মদ আবদুল হাই, পিএএ
(উপসচিব)

পরিচালক (শিক্ষা)

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।


ই-মেইল-info@dgnm.gov.bd

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০১.৯৯.০০১.১৯- ৩১/১(৫০০)

তারিখ: ০৪/ ১১/ ১৪২৬
১৭/ ০২/ ২০২০

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, সেবা বিভাগ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। মহাপরিচালক, শিক্ষা বিভাগ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।
- ৪। মহাপরিচালক, নিপোর্ট, আজিপুর, ঢাকা।
- ৫। অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ/ স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। উপসচিব, (নার্সিং) স্বাস্থ্য সেবা বিভাগ/ (নার্সিং শিক্ষা) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সংশ্লিষ্ট দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
- ৯। পরিচালক, (হাসপাতাল ও ক্লিনিক সমূহ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ১০। পরিচালক (স্বাস্থ্য), ----- বিভাগ -----
- ১১। পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল-----
- ১২। পরিচালক, বিশেষায়িত হাসপাতাল -----
- ১৩। সিভিল সার্জন -----
- ১৪। তত্ত্বাবধায়ক, জেনারেল হাসপাতাল/জেলা সদর হাসপাতাল-----
- ১৫। সহকারী পরিচালক, জেনারেল হাসপাতাল/জেলা সদর হাসপাতাল-----
- ১৬। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা -----
- ১৭। মেডিকেল অফিসার -----
- ১৮। সহকারী পরিচালক (নার্সিং), বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) এর কার্যালয় -----
(আপনার বিভাগের চাহিত তথ্যাদি আগামী ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো)।
- ১৯। জেলা পাবলিক হেল্থ নার্স, সিভিল সার্জন অফিস -----
(আপনার জেলার চাহিত তথ্যাদি আগামী ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো)।
- ২০। সেবা তত্ত্বাবধায়ক/ উপ-সেবা তত্ত্বাবধায়ক, -----
- ২১। পিএমআইএস শাখা, অত্র অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হ'ল।


তারিখ: ০২/০২/২০২০

পরিচালক (শিক্ষা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।